বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না

উত্তরায় রাজউকের অ্যাপার্টমেন্ট প্রকল্পে অনিয়মের অভিযোগ ফ্ল্যাট মালিকদের

বাংলা ট্রিবিউন রিপোর্ট

২৭ জুলাই ২০১৯, ২১:১৫

পছন্দসই সোর্সে যোগ করুন



উত্তরায় রাজউকের অ্যাপার্টমেন্ট প্রকল্পের ধীরগতি ও অনিয়মের অভিযোগে ফ্ল্যাট মালিকদের মানববন্ধন

উত্তরা ১৮ নম্বর সেক্টরে অবস্থিত রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট মেগা প্রকল্পে বিভিন্ন অনিয়মের কারণে কাজে ধীরগতি এবং প্রকল্পে ব্যাপক নিরাপত্তা ঝুঁকি বিদ্যমান রয়েছে বলে অভিযোগ করেছেন রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট মালিক কল্যাণ সমিতি।

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না



শনিবার (২৭ জুলাই) জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধনে তারা এ অভিযোগ করেন।



মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, ঢাকা শহরে যাদের মাথা গোঁজার ঠাঁই নেই, তাদের কথা বিবেচনা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই আবাসন প্রকল্প গ্রহণ করেন। কিন্তু বাস্তবে বিভিন্ন অনিয়মের কারণে কাজ সেভাবে এগোচ্ছে না এবং প্রকল্পে ব্যাপক নিরাপত্তা ঝুঁকি বিদ্যমান রয়েছে।

তারা আরও বলেন, বরাদ্দ প্রাপ্তদের সঙ্গে রাজউকের সম্পাদিত চুক্তি অনুযায়ী ২০১৬ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে ফ্ল্যাট সম্পূর্ণ ব্যবহার উপযোগী করে বুঝিয়ে দেওয়ার কথা ছিল। কিন্তু ওই সময়সীমার আড়াই বছর পার হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত ফ্ল্যাট প্রাপ্তদের বসবাসের উপযোগী করে বুঝিয়ে দেওয়া হয়নি। ক্ষতিগ্রস্ত বরাদ্দপ্রাপ্তদের পক্ষে আমরা বিভিন্ন সময়ে নির্মাণ কাজে অনিয়ম হচ্ছে বলে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করি। কিন্তু সেগুলো যথাযথ তদন্ত করে ব্যবস্থা না নিয়ে শিডিউল বহির্ভূত কর্মকাণ্ডে নিম্নমানের মালামাল ও যন্ত্রপাতির ব্যবহার অব্যাহত রাখা হয়েছে।

এ সময় তারা দাবি করেন, বুয়েটের বিশেষজ্ঞ টিম দিয়ে শিডিউল অনুযায়ী কাজের মান যাচাই করা হোক। এতে যারা দায়ী হবেন তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
বাংলা ট্রিবিউনের খবর পে
হ্যাঁ
না


/এইচএন/টিএন/

বনানীতে গ্যাস লিকেজের আগুনে দগ্ধ ফিলিপাইনি নারী মারা গেছেন

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০২ নভেম্বর ২০২৬, ১০:৪৯

পছন্দসই সোর্সে যোগ করুন



জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট (ফাইল ছবি)

রাজধানীর বনানীতে গ্যাস লিকেজের আগুনে দগ্ধ ফিলিপাইনি নারী কেইস্টিন ভার বুনাগের (৩২) মৃত্যু হয়েছে। সোমবার (২ নভেম্বর) দিবাগত রাত সাড়ে ৩টার দিকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎস

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না

তার শরীরের ৬৩ শতাংশ পু[illegible]রণে তার শ্বাসনালিও ক্ষতিগ্রস্ত হয়েছিল।

জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি[illegible]লতান মাহমুদ শিকদার জানান, গত ২৮ অক্টোবর কন্টিনেন্টাল [illegible] বুনাগকে ইনস্টিটিউটের জরুরি বিভাগে ভর্তি করা হয়।

তিনি আরও জানান, প্রাথমিক তথ্য অনুযায়ী ওইদিন সকাল আনুমানিক ৭টার দিকে গ্যাসের চুলা জ্বালাতে গিয়ে অগ্নিদগ্ধ হন কেইস্টিন।

এতে তার শরীরের ৬৩ শতাংশ পুড়ে যায়। পাশাপাশি ধোঁয়া বা উত্তপ্ত গ্যাসের কারণে তার শ্বাসনালিও ক্ষতিগ্রস্ত হয়।

ভর্তির পর থেকেই তার শারীরিক অবস্থা আশঙ্কাজনক ছিল। তাকে নিবিড় পর্যবেক্ষণে রেখে সর্বোচ্চ চিকিৎসাসেবা দেওয়া হলেও শেষ পর্যন্ত তাকে বাঁচানো সম্ভব হয়নি।

/আইএ/এআইবি/এসটি/

মিরপুরে পুলিশের সঙ্গে আজও পোশাকশ্রমিকদের ধাওয়া-পাল্টা ধাওয়া

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০২ নভেম্বর ২০২৬, ০৯:৪৩

পছন্দসই সোর্সে যোগ করুন



পোশাকশ্রমিকদের বিক্ষোভ (ফাইল ছবি)

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না

রাজধানীর মিরপুরে পুলিশের স বার (২ নভেম্বর) সকাল সোয়া ৯টার দিকে পোশাকশ্রমিকরা রা

শেষ খবর পাওয়া পর্যন্ত পুলিশের সঙ্গে ধাওয়া-পাল্টা ধাওয়া চলমান রয়েছে।

মিরপুর থানার ওসি হাফিজুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ‘শ্রমিকরা রাস্তা অবরোধ করতে এসেছিল আমরা তাদের সরিয়ে দিয়েছি।’

এরা আগে রবিবার নূন্যতম মজুরি ৩০ হাজার টাকার দাবিতে শুরু হওয়া এ আন্দোলনে পুলিশের সঙ্গে ব্যাপক সংঘর্ষে জড়ায় শ্রমিকরা।

সোমবার সকালে আবারও পোশাক শ্রমিকরা মিরপুর-১০ এলাকায় অবস্থান নেওয়ার চেষ্টা করলে পুলিশ ধাওয়া করে। এ সময় দুপক্ষের মধ্যে শুরু হয় ধাওয়া-পাল্টা ধাওয়া। পোশাকশ্রমিকরা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করলে পুলিশ টিয়ারশেল ছুঁড়ে।

পরবর্তী সময়ে শ্রমিকরা ছত্রভঙ্গ হয়ে যায়। এ ঘটনায় এলাকাজুড়ে থমথমে অবস্থা বিরাজ করছে। অধিকাংশ দোকানপাট বন্ধ রয়েছে। পুলিশ রাস্তায় কাউকে দাঁড়াতেই দিচ্ছে না। সন্দেহ হলেই তাকে জিজ্ঞাসাবাদ করছে।

/আইএ/এসটি/

তীব্র গরমে অর্থনীতির ক্ষতি ১৭৫০ কোটি ডলার: প্রতিবেদন

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০১ নভেম্বর ২০২৬, ২০:৫৮

পছন্দসই সোর্সে যোগ করুন

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না



ল্যানসেট কাউন্টডাউন ২০২৬: স্বাস্থ্য ও জলবায়ু পরিবর্তন শীর্ষক প্রতিবেদন প্রকাশ

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের মানুষের স্বাস্থ্য ও অর্থনীতিতে ক্ষতির পরিমাণ বাড়ছে। শুধু তীব্র গরমের কারণে ২০২৫ সালে বাংলাদেশের সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি হয়েছে ১৭ দশমিক ৫ বিলিয়ন বা ১ হাজার ৭৫০ কোটি মার্কিন ডলার। একই সময়ে তাপপ্রবাহের সংস্পর্শে আসার ঝুঁকি ১৯৮৬ থেকে ২০০৫ সালের তুলনায় শিশুদের মধ্যে ১৬২ শতাংশ এবং প্রবীণদের মধ্যে ১৩৬ শতাংশ বেড়েছে। অন্যদিকে, মানবসৃষ্ট সূক্ষ্ম কণাদূষণের কারণে ২০২৩ সালে বাংলাদেশে আনুমানিক ২ লাখ ৩৯ হাজার মানুষের মৃত্যু হয়েছে।

ল্যানসেট কাউন্টডাউন ২০২৬: স্বাস্থ্য ও জলবায়ু পরিবর্তন শীর্ষক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে

রবিবার (১ নভেম্বর) ঢাকার ব্র্যাক সেন্টার ইনে এক অনুষ্ঠানে বাংলাদেশের জন্য প্রতিবেদনের তথ্য তুলে ধরা হয়।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন পরিবেশ অর্থনীতিবিদ শৌর্য দাশগুপ্ত। তিনি বলেন, ২০১৬ থেকে ২০২৫ সাল পর্যন্ত বাংলাদেশে গরমের কারণে প্রতিবছর গড়ে ২৬ বিলিয়নের বেশি শ্রমঘণ্টা নষ্ট হয়েছে। ১৯৯০-এর দশকের বার্ষিক গড়ের তুলনায় এই ক্ষতি ৭১ শতাংশ বেশি।

প্রতিবেদনে বলা হয়েছে, ২০২১ থেকে ২০২৫ সাল পর্যন্ত ৬৫ বছরের বেশি বয়সী মানুষের তাপজনিত মৃত্যুর আর্থিক মূল্য বছরে গড়ে ৩৮০ কোটি ডলারে পৌঁছেছে। ২০০০ থেকে ২০০৪ সালের তুলনায় এ ক্ষতি ৪৯৫ শতাংশ বেশি।

বায়ুদূষণেও বাড়ছে প্রাণহানি। প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৬ থেকে ২০২৩ সালের মধ্যে বাংলাদেশে মানবসৃষ্ট অতিক্ষুদ্র বস্তুকণা (পিএম২.৫) দূষণের কারণে মৃত্যুর সংখ্যা ৪০ শতাংশ বেড়েছে। ২০২৩ সালে এ ধর

ক্ষতির পরিমাণ ৭৭ দশমিক ৬ [redacted] দশের জিডিপির ১৬ দশমিক ৪ শতাংশ।

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না

পরিবেশ অধিদপ্তরের অতিরিক্ত [redacted] লাখ ৩৯ হাজার মানুষের মৃত্যুর তথ্য দূষণ ও জীবাশ্ম জ্বালানির [redacted]

সেন্টার ফর অ্যাডভান্সড স্টাডিজের নির্বাহী পরিচালক ড. আতিক রহমান বলেন, দুর্ভাগ্যজনকভাবে, যথাযথ পদক্ষেপ নিতে আমরা দেরি করে ফেলেছি। আগে উদ্যোগ নিলে মানুষকে এসব ক্ষতি থেকে আরও ভালোভাবে সুরক্ষা দেওয়া যেত।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আইনুন নিশাত বলেন, তীব্র গরমের মধ্যেও অনেক মানুষ জীবিকার প্রয়োজনে বাইরে কাজ করতে বাধ্য হন। তাই জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমাতে হবে। নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়লে দূষণও কমবে।

প্রতিবেদনে স্বাস্থ্য খাতে জলবায়ু অভিযোজনের জন্য বাড়তি অর্থায়নের প্রয়োজনীয়তার কথাও বলা হয়েছে। ৪৮টি উন্নয়নশীল দেশের এ খাতে বছরে অন্তত ৩৩০ কোটি ডলার প্রয়োজন। অথচ ২০২৪ সালে অর্থায়নের প্রতিশ্রুতি পাওয়া গেছে মাত্র ১১০ কোটি ডলার।

/এসএনএস/এপিএইচ/


একনজরে আজকের আলোচিত খবর

বাংলা ট্রিবিউন ডেস্ক

০১ নভেম্বর ২০২৬, ২০:৩৪

পছন্দসই সোর্সে যোগ করুন

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না



দিনের আলোচিত খবর (কোলাজ: বাংলা ট্রিবিউন)

নীতিনির্ধারণী সিদ্ধান্ত থেকে শুরু করে আন্তর্জাতিক ভূ-রাজনীতি, ক্রীড়াঙ্গন কিংবা বিনোদন— প্রতিদিনই বদলে যাচ্ছে ঘটনার প্রেক্ষাপট। রবিবার (১ নভেম্বর) বাংলা ট্রিবিউনে প্রকাশিত খবরগুলোর মধ্যে পাঠক মহলে আলোড়ন সৃষ্টি করেছে বেশ কিছু প্রতিবেদন।

রাজধানীর ফার্মেসিতে স্যালাইনের আকাল

উৎপাদনকারীদের মতে, উৎপাদন ব্যয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে দাম সমন্বয় না হলে সরবরাহ স্বাভাবিক করা কঠিন হবে।

এক জেলায় ৯ বাহিনীর কাছে তিন শতাধিক অবৈধ অস্ত্র, কথায় কথায় গুলি

রাজনৈতিক নেতাকর্মী, শিক্ষক, স্কুলছাত্রী, নারী ও পথচারীরাও গুলির শিকার হচ্ছেন। যা সবার মাঝে আতঙ্ক বাড়িয়ে দিয়েছে।

স্কুলে শিক্ষকদের জিনস-টি-শার্ট পরা নিষিদ্ধ, বন্ধ হচ্ছে ডিজে পার্টি

আদেশে বলা হয়েছে, বিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে নিয়োজিত শিক্ষক এবং কর্মচারীদের অবশ্যই পাঠদান ও দাফতরিক সময়ে মার্জিত ও আনুষ্ঠানিক পোশাকে উপস্থিত থাকতে হবে। এই নির্দেশনার কঠোর পালন ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

‘হামজা আসায় বাংলাদেশের ফুটবলে ক্রেজ বেড়েছে, সাফেও ভালো করবে’

হামজার আগমনে জাতীয় দলের শক্তি ও জনপ্রিয়তা বেড়েছে বলে মনে করেন ভারতের সাবেক অধিনায়ক বা

প্লেব্যাক থেকে বিরতির পর নতু
শাহরুখের ‘কিং’ ছবিতে গেয়ে
নেতার ৬১তম জন্মদিনেই মুক্তি
পেতে পারে ‘কিং’-এর সেই প্র
বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না

/এপিএইচ/

মেঘনায় গুলিতে জেলের মৃত্যু: স্বাধীন তদন্ত ও বিচারের দাবি এইচআরএসএসের

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০১ নভেম্বর ২০২৬, ১৯:২০

পছন্দসই সোর্সে যোগ করুন

হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস)

বরিশালের হিজলায় মেঘনা নদীতে গুলিবিদ্ধ হয়ে জেলে আক্তার হাওলাদারের (৪০) মৃত্যুর ঘটনায় স্বাধীন ও নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস)। একই সঙ্গে ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করে বিচারের আওতায় আনা এবং নিহতের পরিবারকে যথাযথ ক্ষতিপূরণ দেওয়ার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

বিবৃতিতে বলা হয়, গত ২৯ অ মেঘনা নদীতে মাছ ধরার সময় আক্তার হাওলাদার গুলিবিদ্ধ হ প্রত্যক্ষদর্শী জেলে ও স্বজনেরা নৌ পুলিশের গুলিতে তার মৃত্যু আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের গুলি চালানোর তথ্য

বাংলা ট্রিবিউনের সর্বশেষ নিউজ অ্যালার্ট পেতে চান?
বাংলা ট্রিবিউন
হ্যাঁ
না

তবে নৌ পুলিশ, কোস্টগার্ড ও মৎস্য বিভাগ ওই এলাকায় অভিযান পরিচালনার কথা অস্বীকার করেছে বলে বিবৃতিতে জানানো হয়। সংশ্লিষ্ট সংস্থাগুলোর পরস্পরবিরোধী বক্তব্য, আহত জেলেদের সংখ্যা নিয়ে অসংগতি এবং ঘটনার প্রকৃত পরিস্থিতি স্পষ্ট না হওয়ায় নিরপেক্ষ তদন্তের প্রয়োজনীয়তা আরও বেড়েছে বলে মনে করে এইচআরএসএস।

সংগঠনটি বলেছে, ইলিশ সংরক্ষণ কিংবা আইন প্রয়োগের নামে নির্বিচারে আগ্নেয়াস্ত্র ব্যবহার বা মানুষের জীবন কেড়ে নেওয়ার কোনও সুযোগ নেই। সংবিধানের ৩২ অনুচ্ছেদে জীবনের অধিকার এবং ৩১ অনুচ্ছেদে আইনের আশ্রয়লাভের অধিকার নিশ্চিত করা হয়েছে। একইভাবে আন্তর্জাতিক মানবাধিকার আইন ও জাতিসংঘের নীতিমালা অনুযায়ী, প্রাণঘাতী শক্তির ব্যবহার কেবল জীবন রক্ষার চূড়ান্ত প্রয়োজনেই সীমাবদ্ধ থাকতে হবে।

এইচআরএসএসের দাবি, অভিযুক্ত বাহিনীর বাইরে বিচার বিভাগীয় বা স্বাধীন তদন্ত কমিটি গঠন করে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিবেদন প্রকাশ করতে হবে। ঘটনার সময় সংশ্লিষ্ট বাহিনীগুলোর অভিযান ও টহলের তথ্য, ব্যবহৃত অস্ত্র ও গুলির হিসাবসহ সব প্রাসঙ্গিক আলামত সংরক্ষণ এবং প্রকাশ করতে হবে।

পাশাপাশি ময়নাতদন্ত ও ফরেনসিক প্রতিবেদন স্বচ্ছতার সঙ্গে প্রকাশ, নিহতের পরিবারকে আইনি সহায়তা, আহত জেলেদের সুচিকিৎসা এবং প্রত্যক্ষদর্শী ও সাক্ষীদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়েছে সংগঠনটি। তদন্তে দোষী প্রমাণিত ব্যক্তিদের পদমর্যাদা নির্বিশেষে বিচারের আওতায় আনার পাশাপাশি নিহতের পরিবারকে ক্ষতিপূরণ ও পুনর্বাসন সহায়তা দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধে মা ইলিশ সংরক্ষণ অভিযানে আগ্নেয়াস্ত্র ও বলপ্রয়োগের সুস্পষ্ট নির্দেশিকা প্রণয়ন এবং মাছ ধরায় নিষেধাজ্ঞার সময় জেলে পরিবারগুলোর জন্য পর্যাপ্ত খাদ্য সহায়তা নিশ্চিত করারও দাবি জানিয়েছে এইচআরএসএস।

বিবৃতিতে সংগঠনটি আরও বলেছে, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ এবং জেলেদের জীবন ও জীবিকা রক্ষা পরস্পরবিরোধী নয়। আইন প্রয়োগের নামে কোনও নাগরিকের জীবনহানি গ্রহণযোগ্য হতে পারে না। এ ধরনের ঘটনার নিরপেক্ষ তদন্ত, ন্যায়বিচার ও জবাবদিহি নিশ্চিত করা রাষ্ট্রের সাংবিধানিক ও আন্তর্জাতিক মানবাধিকারবিষয়ক বাধ্যবাধকতা।

/জেইউ/ এপিএইচ/

© 2026 Bangla Tribune Online Media